দৈনিক সংবাদ

তারিখ ... ৩১ JAN 1997 ...
পৃষ্ঠা ৫ কলাম ৭

### খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচি

# গম আত্মসাতের দায়ে ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি

ব্রাহ্মণবাড়িয়া, ৩০শে জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– জগৎসার (দঃ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র–ছাত্রীদের জন্য বরাদ্দকৃত খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচির গম আত্মসাতের অভিযোগে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ আলী নোয়াজ খাঁর বিরুদ্ধে জেলা গোয়েন্দা বিভাগ (ডিবি) আদালতে চার্জশিট দায়ের করেছে।

আদালত আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি ও তার স্থাবর অস্থাবর সম্পত্তি ক্রোকের আদেশ দিয়েছেন।

ব্রাহ্মণবাড়িয়া সদর থানার দক্ষিণ জগৎসার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র–ছাত্রীদের জন্য গত বছরের মার্চ মাসের বরাদ্দকৃত খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচির ৩৩৫ কেজি গম বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আত্মসাৎ করে ফেলে। এর প্রেক্ষিতে এলাকাবাসী জেলা পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কাছে একটি অভিযোগ দায়ের করলে গোয়েন্দা বিভাগের উপ–পরিদর্শক রবি ঘোষ সরজমিনে তা তদন্ত করেন। তদন্তে অভিযোগের সত্যতা প্রমাণিত হলে তদন্তকারী কর্মকর্তা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ আলী নোয়াজ খাঁর বিরুদ্ধে গত বছর সদর থানায় একটি মামলা দায়ের করেন। মামলার তদন্তশেষে গোয়েন্দা পুলিশ অতি সম্প্রতি আসামি আলী নোয়াজ খাঁর বিরুদ্ধে আদালতে চার্জশিট দায়ের করেন। মামলাটি বর্তমানে জেলা দায়রা জজ আদালতে বিচারাধীন রয়েছে। মামলা দায়েরের পর থেকে আসামি আলী নোয়াজ খাঁ পলাতক রয়েছে।

এদিকে আদালত থেকে আসামির বিরুদ্ধে জারিকৃত গ্রেফতারি পরোয়ানা ও মালামাল ক্রোকি পরোয়ানা ব্রাহ্মণবাড়িয়া সদর থানা পুলিশের কাছে দীর্ঘদিন পূর্বে পৌঁছলেও পুলিশ তাকে গ্রেফতার কিংবা মালামাল ক্রোকের কোন ব্যবস্থা আজও নেয়নি।